



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস বিজ্ঞপ্তি

২২ ফেব্রুয়ারি ২০২৩

বাউবিতে শহিদ দিবসে শিক্ষক সমিতির আলোচনা সভা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ২১ ফেব্রুয়ারি ২০২৩ মঙ্গলবার রাতে বাউবি শিক্ষক সমিতির উদ্যোগে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে অনলাইন আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার তাঁর বক্তব্যের শুরুতে ভাষা আন্দোলনে সকল শহিদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহিদ সদস্য, জাতীয় চার নেতা, উনসত্তরের গণঅভ্যুত্থান এবং স্বাধীনতা যুদ্ধে আত্ম উৎসর্গকারী ও আত্মত্যাগকারীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।



উপাচার্য তাঁর বক্তব্যে বলেন মূলত ভাষা আন্দোলনের সময় থেকে বাংলাদেশের ভ্রম তৈরি হয়েছে। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারিতে যারা বুকের তাজা রক্ত দিয়ে বাংলা ভাষার অধিকার প্রতিষ্ঠা করেছেন তাদের আত্মত্যাগের বিনিময়ে আমরা বিশ্বের বুকে মাতৃভাষার আত্ম-মর্যাদা নিয়ে বেঁচে আছি। পৃথিবীর অনেক ভাষা হারিয়ে যাচ্ছে, প্রত্যেক ভাষা ও জাতিসত্তা যাতে টিকে থাকে সেদিকে আমাদের সকলের খেয়াল রাখা প্রয়োজন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে শিক্ষার ভিত্তি মজবুত ও শিক্ষা ব্যবস্থায় বাংলা ভাষাকে শক্তিশালী করার কথা বলেন। কোর্স কারিকুলামে বাংলা ভাষা প্রচলনের দাবি জানান। প্রাথমিক শিক্ষায় মাতৃভাষার ওপর জোর দেয়ার কথা বলেন। তিনি নীতিনির্ধারকদের উদ্দেশ্যে বলেন আমাদের এমন শিক্ষা ব্যবস্থা প্রচলন করা উচিত যেখানে বাঙালি জাতি হিসেবে আমরা মাতৃভাষা সুন্দরভাবে শিখে এবং দক্ষতা অর্জন করে বিশ্বের অন্যান্য জাতির সাথে তাল মিলিয়ে সামনের দিকে এগিয়ে যেতে পারি।

আলোচক অধ্যাপক ড. সোয়াইব আহমেদ (ড.শোয়াইব জিবরান) বলেন ভাষা একটি প্রতিকী যার মাধ্যমে আমরা জ্ঞান অর্জন করে থাকি। তিনি বাংলা ভাষার ইতিহাস, প্রাচীনতা, ভাষা আন্দোলনের পটভূমি ও শিক্ষায় ভাষার প্রভাবের কথা তুলে ধরেন। ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের মূল স্বপ্ন ছিলো একটি অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ে তোলা। অদ্যবদি শিক্ষার সকল ক্ষেত্রে বাংলা মাধ্যম চালু না হওয়ায় সে স্বপ্ন এখনো পর্যন্ত অর্জন হয়নি। একমুখী অসাম্প্রদায়িক মাতৃভাষা ভিত্তিক শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের মধ্যে দিয়েই ভাষা শহিদ ও মুক্তিযোদ্ধাদের স্বপ্ন পূরণ হতে পারে।

আলোচক অধ্যাপক ড. মো: জাহাঙ্গীর আলম (জাহাঙ্গীর হোসেন জাহিদ) ভাষা আন্দোলনের ধারা বাহিক ইতিহাস ও রাষ্ট্র ভাষা আন্দোলনের বিভিন্ন প্রেক্ষাপট তুলে ধরেন। তিনি বঙ্গবন্ধুর আত্মজীবনীর আলোকে ভাষা আন্দোলনে বঙ্গবন্ধুর অবদান ও বঙ্গবন্ধুর বিভিন্ন উদ্ধৃতি তুলে ধরেন। তিনি রাষ্ট্রীয় সকল পর্যায়ে বাংলা ভাষা প্রচলনের দাবি জানান।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম এবং আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন অধ্যাপক ড. জেবউননেছা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাউবি'র শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ আব্দুস সাত্তার।

(ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)